দৈনিক ইত্তেফাক
তারিখ: 27 AUG 2017
পৃষ্ঠা: ৭ কলাম: ১

# নান্দিকাঠি মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ সংকটে পাঠদান বিঘ্নিত

■ এইচএম আখতারুজ্জামান বাচ্চু, নলছিটি (ঝালকাঠি) সংবাদদাতা

উপজেলার নান্দিকাঠি আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শ্রেণিকক্ষ সংকটে পাঠদান বিঘ্নিত হচ্ছে। ১৯৮৩ সালে শহরতলীর নান্দিকাঠি গ্রামে এ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বিদ্যালয়টিতে পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। জেএসসি এবং এসএসসি ফলাফল খুবই ভালো। স্কুলে শিক্ষার্থী উপস্থিতি, বোর্ড পরীক্ষার ফলাফল খুবই ভালো হলেও শ্রেণিকক্ষ এবং আসবাবপত্র সংকট চরমে। এখানে একটি একতলা বিল্ডিং এবং টিনসেড ৩টি কক্ষ রয়েছে। বিল্ডিংয়ের ৪টি কক্ষের একটি প্রধান শিক্ষক এবং অন্য একটিতে অন্যান্য শিক্ষক ও অফিস কক্ষ হিসাবে ব্যবহার হচ্ছে। বিল্ডিংয়েরর দু'টি কক্ষ ও টিনসেড ৩টি কক্ষের মধ্যে গাদাগাদি করে ক্লাস করতে হচ্ছে ছাত্র-ছাত্রীদের। শিক্ষার্থীদের জন্য নেই কোনো কমনরুম, লাইব্রেরী, ব্যবহার উপযোগী বাথরুম। ওই স্কুল ক্যাম্পাসের মধ্যেই নান্দিকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। রাস্তার পাশে নলছিটি পৌর এলাকার মধ্যেই স্কুলটি হলেও আধুনিকতার কোনো ছোঁয়া লাগেনি।

বিদ্যালয়টির প্রধান শিক্ষক মোঃ একরামুল করিম জানান, শিক্ষার্থীর তুলনায় ক্লাসরুমের সংকট রয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি. এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর